

## ॥ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ৯৮৭

৭/ যাকাত ও সাদকা

পরিচ্ছেদঃ কৃপণতা ও ব্যয়কুণ্ঠতা

আরবী

عَنْ أَبِي ذَرٍّ قَالَ قَالَ لَهُ رَسُولُ اللَّهِ ﷺ : يَا أَبَا ذَرٍّ تَقُولُ كَثْرَةُ الْمَالِ الْغِنَى ؟ قُلْتُ : نَعَمْ  
قَالَ : تَقُولُ قِلَّةُ الْمَالِ الْفَقْرُ ؟ قُلْتُ : نَعَمْ قَالَ ذَلِكَ ثَلَاثًا ثُمَّ قَالَ رَسُولُ اللَّهِ ﷺ : الْغِنَى  
فِي الْقَلْبِ وَالْفَقْرُ فِي الْقَلْبِ مَنْ كَانَ الْغِنَى فِي قَلْبِهِ لَا يَضُرُّهُ مَا لَقِيَ مِنَ الدُّنْيَا وَمَنْ كَانَ  
الْفَقْرُ فِي قَلْبِهِ فَلَا يُغْنِيهِ مَا أَكْثَرَ لَهُ فِي الدُّنْيَا وَإِنَّمَا يَضُرُّ نَفْسَهُ شُحُّهَا

বাংলা

(৯৮৭) আবু যার (রাঃ) বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, তুমি কি বল যে, বেশী ধন হলে, তার নামই ধনবত্তা? আমি বললাম, 'হ্যাঁ।' তারপর বললেন, তুমি কি বল যে, ধন কম হলে, তার নামই দরিদ্রতা? আমি বললাম, 'হ্যাঁ।' এরূপ তিনবার বলার পর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, (না,) বরং প্রকৃত ধনবত্তা হল হৃদয়ের ধনবত্তা এবং প্রকৃত দরিদ্রতা হল হৃদয়ের দরিদ্রতা। যার হৃদয়ে ধনবত্তা থাকে, দুনিয়ার কোন বঞ্চনা তার ক্ষতি করতে পারে না। আর যার হৃদয়ে দরিদ্রতা থাকে, দুনিয়ার ধনাধিক্য তাকে অভাবমুক্ত করতে পারে না। আসলে হৃদয়ের কার্পণ্যই তাকে ক্ষতিগ্রস্ত করে।

ফুটনোট

(নাসাই, ত্বাবারানী ১৬১৯, ইবনে হিবান ৬৮৫, সহীল জামে' ৭৮১৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁঁরুলীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু যার আল-গিফারী (রাঃ)

৫ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=64735>

৫ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন